গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়**
**টাঙ্গাইল।**
**tangail.judiciary.org.bd**

আদেশ নং-৪৩

তারিখ ঃ ১২ বৈশাখ ১৪২৭ বঙ্গাব্দ / ২৫ এপ্রিল ২০২০ খ্রিস্টাব্দ।

## অফিস আদেশ

দেশব্যাপী করোনা ভাইরাস রোগ (কভিড-১৯) এর সংক্রমণ মোকাবেলা এবং এর ব্যাপক বিস্তার রোধকল্পে সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে আগামী ০৫ মে, ২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত সকল আদালত ছুটি ঘোষনা করা হয়েছে।

উদ্ভূত পরিস্থিতিতে বাংলাদেশের প্রত্যেক জেলার চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে নিজে বা তাঁর নিয়ন্ত্রনাধীন এক বা একাধিক ম্যাজিস্ট্রেট দ্বারা ছুটিকালীন সময়ে তাঁর/তাঁদের সুবিধামতো প্রতি সপ্তাহে যে কোন ০২(দুই) দিন কঠোর সামাজিক দূরত্ব বজায় রেখে জরুরী জামিন শুনানীর (কারাগারে থাকা হাজতী আসামীর আবেদনসহ) নিমিত্ত সীমিত আকারে আদালতের কার্যক্রম পরিচালনার ব্যবস্থা গ্রহনের জন্য মহামান্য বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা এর ২৩-০৪-২০২০ খ্রিঃ তারিখের ২৭৫২ এ, নং বিজ্ঞপ্তি মূলে নির্দেশ প্রদান করা হয়েছে।

উক্ত নির্দেশনার ধারাবাহিকতায় নিম্ন ছকের ২নং কলামে বর্ণিত ম্যাজিস্ট্রেটগন-কে ৩নং কলামে বর্ণিত আদালতসমূহ পরিচালনা করার জন্য ও ৪নং কলামে বর্ণিত সহায়ক কর্মচারীদের-কে (সি.আর+বিচার আদালতের) দায়িত্ব পালন করতে নির্দেশ প্রদান করা গেল। ২নং কলামে বর্নিত ম্যাজিস্ট্রেটগনের সাথে আলোচনাক্রমে ৫নং কলামে বর্ণিত দিন ও তারিখ নির্ধারণ করা হলো।

তাঁরা যথা সময়ে আদালতে উপস্থিত হয়ে আমলী (জি.আর+সি.আর+বিচার) আদালতের মামলা সমুহের শুধুমাত্র জরুরী জামিন শুনানী গ্রহণ ও নিষ্পত্তি করবেন। তাছাড়া জি.আর মামলা সংক্রান্ত উদ্ভূত আসামীর দোষ স্বীকারমূলক জবানবন্দী, সাক্ষীর/ভিকটিমের জবানবন্দি রেকর্ডসহ জরুরী যাবতীয় বিষয়াদি নিষ্পত্তি করবেন।

| ক্রঃ নং | দায়িত্ব প্রাপ্ত ম্যাজিস্ট্রেটের নাম ও পদবী | সি.আর/জি.আর/ বিচার আদালতের নাম | সহায়ক কর্মচারীর নাম ও পদবী | আদালত পরিচালনার দিন ও তারিখ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | মোছাম্মৎ মনিরা সুলতানা অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট | চীফ জুডিঃ ম্যাজিস্ট্রে আদালত, অতিঃ চীফ জুডিঃ ম্যাজিস্ট্রেট আদালত, বন ও বিদ্যুৎ আদালত, সিনিঃ জুডিঃ ম্যাজিস্ট্রেট ১ম,২য়,৩য় ও ৪র্থ আদালত এবং জুডিঃ ম্যাজিঃ ১ম, ২য়, ৩য়, ৪র্থ ও ৫ম আদালতের বিচার ফাইল। | সংশ্লিষ্ট আদালতের বেঞ্চ সহকারী, সাটমুদ্রাক্ষরিক ও অফিস সহায়ক। | ২৬,২৮ এপ্রিল ও ৩,৫ মে, ২০২০খ্রিঃ (রবি ও মঙ্গলবার) |
| ০২ | জনাব মোঃ শামছুল আলম সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট | আমলী আদালত (টাঙ্গাইল সদর+ বিশুদ্ধ খাদ্য), (ভূয়াপুর+দেলদুয়ার+দ্রুত বিচার), (ঘাটাইল+বাসাইল), (কালিহাতী+ধনবাড়ী) থানা। | সংশ্লিষ্ট আদালতের বেঞ্চ সহকারী, সাটমুদ্রাক্ষরিক ও অফিস সহায়ক। | ২৬,২৮ এপ্রিল ও ৩,৫ মে, ২০২০খ্রিঃ (রবি ও মঙ্গলবার) |
| ০৩ | বেগম ফারজানা হাসানাত সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট | আমলী আদালত (মধুপুর+গোপালপুর), (নাগরপুর+সখিপুর), (মির্জাপুর+ বঙ্গবন্ধু সেতু পূর্ব) থানা এবং আমলী সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বন আদালত। | সংশ্লিষ্ট আদালতের বেঞ্চ সহকারী, সাটমুদ্রাক্ষরিক ও অফিস সহায়ক। | ২৬,২৮ এপ্রিল ও ৩,৫ মে, ২০২০খ্রিঃ (রবি ও মঙ্গলবার) |

উল্লেখ্য যে, উক্ত আদালত চলাকালীন সময়ে একটি মামলার জামিন শুনানীতে কেবলমাত্র একজন বিজ্ঞ আইনজীবী অংশগ্রহণ করবেন। আদালত প্রাঙ্গণ এবং এজলাস কক্ষে সামাজিক দূরত্বের নিয়মকানুন কঠোরভাবে অনুসরণ করা না হলে আদালতের কর্যক্রম স্থগিত করা হবে।

জামিন শুনানীকালে কারাগারে থাকা আসামীদের কারাগার হতে প্রিজনভ্যান বা অন্য কোন ভাবে আদালত প্রাঙ্গনে ও এজলাস কক্ষে হাজির না করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

তাছাড়া সাপ্তাহিক ছুটি ও অন্যান্য ছুটির দিনগুলোতে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট জনাব রূপন কুমার দাশ পূর্বের আদেশ মোতাবেক দায়িত্ব পালন করবেন।

জনস্বার্থে এই আদেশ জারী করা হলো। সংশ্লিষ্ট সকলকে জ্ঞাত করা হোক।

স্বাক্ষরিত/-
(মোঃ রাশেদ কবির)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
টাঙ্গাইল।

স্মারক নং-১০.০০.৯৩০০.০০১.১৮.০৪৩.২০/ ৬০৬(৪৬)

তারিখ ঃ ১২ বৈশাখ ১৪২৭ বঙ্গাব্দ / ২৫ এপ্রিল ২০২০ খ্রিস্টাব্দ।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।**

১। মাননীয় সচিব, আইন ও বিচার বিভাগ, আইন,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২। মাননীয় রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৩। মাননীয় সিনিয়র জেলা ও দায়রা জজ, টাঙ্গাইল।
৪। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল।
৫। পুলিশ সুপার, টাঙ্গাইল।
৬। মোছাম্মৎ মনিরা সুলতানা, অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল।
৭। জনাব মোঃ শামছুল আলম, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল।
৮। বেগম ফারজানা হাসানাত, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল।
৯। জেল সুপার, টাঙ্গাইল।
১০। বিজ্ঞ সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি, টাঙ্গাইল (আদালত প্রাঙ্গণে এবং এজলাস কক্ষে সামাজিক দূরত্ব বজায় রাখার ব্যাপারে বারের সকল সদস্যকে অবহিত করনের অনুরোধ সহ)।
১১। কোর্ট পুলিশ পরিদর্শক, টাঙ্গাইল (বিষয়টি জি.আর.ও দের অবহিতকরণের নির্দেশনাসহ)।
১২। জনাব/ জনাবা------------------------------------------------,কম্পিউটার অপারেটর/ বেঞ্চ সহকারী/সাটমুদ্রাক্ষরিক/ ক্যাশিয়ার/ ড্রাইভার, জুডিঃ ম্যাজিস্ট্রেসি, টাঙ্গাইল।
১৩। অফিস কপি।

২৫/০৪/২০
(মোঃ রাশেদ কবির)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
টাঙ্গাইল।